

# যাদবপুর ইউনিভার্সিটি এমপ্লয়িজ কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি লিমিটেড

রেজিঃ নং : ৩৭ / ২৪ পরগনা, তাং - ১৫-০৫-১৯৫৩

Memo no. JUECCS/GL/Notice/02/22

তাং ১০-০৩-২০২২

## বিজ্ঞপ্তি

সুধী সদস্য/সদস্যা

আমরা দীর্ঘ দিন ধরে আলোচনার মধ্যমে মৃত সদস্য/সদস্যাদের পরিবারের সাহায্যার্থে একটি সমন্বিত পারস্পরিক কল্যাণ প্রকল্পের (MEMBERS' MUTUAL WELFARE SCHEME) রূপরেখা তৈরী করেছি। প্রায় দুই বছর আগে পঃ বঃ সরকারের অনুমোদন পেলেও কোভিড-১৯ অতিমারির কারণে প্রকল্পটি শুরু করা যায়নি। এখন এই প্রকল্প চালু করার সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে।

সোসাইটির সিদ্ধান্ত মোতাবেক এই প্রকল্পের নিয়মাবলী নিম্নরূপ:-

- ১) প্রকল্পের নাম : "MEMBERS' MUTUAL WELFARE SCHEME"
- ২) প্রত্যেক সদস্য/সদস্যার মার্চ ২০২২ এর বেতন থেকে অর্থাৎ এপ্রিল ২০২২ এ যে বেতন হতে পাবেন তার থেকে ১০০.০০ টাকা কেটে নেওয়া হবে এবং এই ভাবে প্রত্যেক মাসে ১০০ টাকা করে কাটা হবে।
- ৩) প্রত্যেক আর্থিক বৎসরের প্রথম দুই মাসের টাকা এই প্রকল্পে জমা হবে প্রকল্পের অ্যাকাউন্টের নাম হবে "MEMBERS' MUTUAL WELFARE FUND" এবং বাকী দশ মাসের টাকা সদস্য/সদস্যার ব্যক্তিগত খাতায় জমা হবে।
- ৪) সোসাইটির বাৎসরিক লাভের ৬% "MEMBERS' MUTUAL WELFARE FUND" এ জমা হবে।
- ৫) এই প্রকল্প লাগু হবে দুই মাস পর থেকে অর্থাৎ জুন ২০২২ থেকে।
- ৬) যদি কোন সদস্য/সদস্যার মৃত্যু হয় তবে তাঁর পরিবার ৫০,০০০.০০ টাকা পাবেন।
- ৭) এছাড়া সদস্য/সদস্যার খাতায় যে টাকা জমবে তাঁর উপর ৬% বার্ষিক সুদ সহ অবসরের সময় বা মৃত সদস্য/সদস্যার পরিবার ফেরৎ পাবেন।
- ৮) সহজে বোঝার জন্য একটি সারণী নীচে দেওয়া হল:-

| মাস    | অবসর করলে সদস্য পাবেন | মৃত্যু হলে পরিবার পাবেন           |
|--------|-----------------------|-----------------------------------|
| Jun-22 | 100.00 + 6% interest  | 50,000.00 + 100.00 + 6% interest  |
| Jul-22 | 200.00 + 6% interest  | 50,000.00 + 200.00 + 6% interest  |
| Aug-22 | 300.00 + 6% interest  | 50,000.00 + 300.00 + 6% interest  |
| Sep-22 | 400.00 + 6% interest  | 50,000.00 + 400.00 + 6% interest  |
| Oct-22 | 500.00 + 6% interest  | 50,000.00 + 500.00 + 6% interest  |
| Nov-22 | 600.00 + 6% interest  | 50,000.00 + 600.00 + 6% interest  |
| Dec-22 | 700.00 + 6% interest  | 50,000.00 + 700.00 + 6% interest  |
| Jan-23 | 800.00 + 6% interest  | 50,000.00 + 800.00 + 6% interest  |
| Feb-23 | 900.00 + 6% interest  | 50,000.00 + 900.00 + 6% interest  |
| Mar-23 | 1000.00 + 6% interest | 50,000.00 + 1000.00 + 6% interest |

- ৯) প্রতি বৎসর এই প্রকল্পের পর্যালোচনা করা হবে।

ধন্যবাদান্তে

  
(গৌরকৃষ্ণ পট্টনায়ক)

অর্থ আধিকারিক, যাদবপুর বিশ্ববিদ্যালয় এবং প্রশাসক  
যাদবপুর ইউনিভার্সিটি এমপ্লয়িজ কো-অপারেটিভ  
ক্রেডিট সোসাইটি লিমিটেড